

2027-2028 শিক্ষা বছরের জন্য পিতামাতার অভিপ্রায় প্রকাশের বিজ্ঞপ্তি

প্রিয় পরিবারবর্গ,

যদি আপনি আপনার সন্তানকে 2027-28 শিক্ষা বছরের জন্য কোনো নন-পাবলিক স্কুল অথবা হোমস্কুলে দেয়ার ইচ্ছা রাখেন এবং চান যে সেই নন-পাবলিক এলিমেন্টারি বা সেকেন্ডারি স্কুল বা হোমস্কুলে পড়াকালীন তার স্পেশাল এডুকেশন পরিষেবাও অব্যাহত থাকুক, আপনাকে অবশ্যই এসব পরিষেবার জন্য লিখিত অনুরোধ (অভিপ্রায়ের বিজ্ঞপ্তি) কমিটি অন স্পেশাল এডুকেশন (“CSE”)-এ পাঠাতে হবে যেখানে আপনার নন-পাবলিক স্কুলটি অবস্থিত (ডিস্ট্রিক্টের অবস্থান)। যদি আপনার সন্তান পরিষেবাগুলোর জন্য যোগ্য বিবেচিত হয়, তাহলে CSE একটি ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন সার্ভিসেস প্ল্যান (IESP) তৈরি করবে।

নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত নন-পাবলিক স্কুলগুলোর জন্য, অভিপ্রায়ের বিজ্ঞপ্তি (নোটিশ অভ ইনটেন্ট) অবশ্যই 1 জুন, 2027 তারিখের মধ্যে আপনার CSE-তে ইমেইলের মাধ্যমে, ডাকযোগে, অথবা সশরীরে দিয়ে যেতে হবে। অনুগ্রহ করে আপনার CSE খুঁজে পেতে সহায়তার জন্য নিচে লিংককৃত ‘জিওগ্রাফিক অনলাইন অ্যাড্রেস ট্রান্সলেটর’ (GOAT) (ভৌগোলিক অনলাইন ঠিকানা অনুবাদক) ব্যবহার করুন। আসন্ন শিক্ষা বছরের পরিকল্পনার জন্য আপনার প্রয়োজনীয় সকল তথ্য লভ্য আছে এবং এই তথ্য নিচে প্রদান করা হয়েছে তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ প্রতিশ্রুতিবদ্ধ।

আপনার যদি সহায়তার প্রয়োজন হয়, তবে আপনার স্থানীয় CSE-এর সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না, যার তথ্য আপনি schools.nyc.gov/cse -এ পাবেন। আপনাকে সহায়তা দেয়ার জন্য আমরা পাশে আছি।

প্রতিবন্ধিতায়ুক্ত নন-পাবলিক (প্রাইভেট/ধর্মীয়) স্কুলের শিক্ষার্থীবৃন্দ

যেসব শিক্ষার্থীকে তাদের পিতামাতাগণ নিউ ইয়র্ক সিটিতে পরিবারের নিজের খরচে (‘পিতামাতা দ্বারা ভর্তি’) প্রাইভেট অথবা ধর্মীয় স্কুলে ভর্তি করেছেন, তাদের শনাক্তকরণ, অনুসন্ধান, এবং মূল্যায়নের দায়িত্বসহ তাদের প্রতি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর (NYCPS) স্পেশাল এডুকেশন সংক্রান্ত দায়দায়িত্ব রয়েছে। নিউ ইয়র্ক সিটির বাহিরে নিউ ইয়র্ক স্টেটের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটের বাহিরে বসবাসকারী শিক্ষার্থীদের পাশাপাশি, যারা তাদের পিতামাতার নিজস্ব খরচে নিউ ইয়র্ক সিটির প্রাইভেট বা ধর্মীয় স্কুলে ভর্তি আছে, এই দায়বদ্ধতা সেসব শিক্ষার্থীদের জন্যেও প্রসারিত।

হোমস্কুলের প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীবৃন্দ

নিউ ইয়র্ক এডুকেশন আইন সেকশন 3602-c-এর অধীনে, হোমস্কুলের প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদেরকে নন-পাবলিক স্কুল শিক্ষার্থী হিসেবে শনাক্ত করা হয়। ইন্ডিভিজুয়ালস্ উইথ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট-এর (প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের জন্য শিক্ষা আইন) অধীনে হোমস্কুলের প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীরা, পিতামাতা কর্তৃক পাঠানো প্রাইভেট স্কুলের অন্যান্য প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের অনুরূপ বিবেচিত হয়। প্রতিবন্ধিতায়ুক্ত হোমস্কুল শিক্ষার্থীদের জন্য, কোথায় স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহ দেয়া হবে তা নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ নির্ধারণ করবে, এতে অন্তর্ভুক্ত হতে পারে একজন শিক্ষার্থীর হোম (কমিউনিটি) স্কুল।

যেসব পরিবার 2027-28 শিক্ষা বছরে তাদের সন্তানদের হোমস্কুলে পড়াতে ইচ্ছুক তাদেরকে নিচের শেষ তারিখগুলো সম্পর্কে অবহিত হওয়া প্রয়োজন। যদিও আপনার হোমস্কুলে পড়ানোর অভিপ্রায় NYCPS-কে জানানোর শেষ তারিখ 1 জুলাই, 2027, তবে স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহের জন্য আপনার অনুরোধ অবশ্যই 1 জুন, 2027 তারিখের মধ্যে পেতে হবে।

- 1 জুন, 2027 - আপনার যে সন্তানকে(দেরকে) হোমস্কুলে পড়ানো হবে তার জন্য আপনার স্পেশাল এডুকেশন পরিষেবার অনুরোধ NYCPS-কে অবশ্যই এই তারিখের মধ্যে পেতে হবে।

- **1 জুলাই, 2027** - প্রত্যাবর্তনকারী হোমস্কুল পরিবারদেরকে অবশ্যই হোমস্কুলে পড়ানো হবে এমন প্রতিটি সন্তানের জন্য তার বার্ষিক অভিপ্রায়ের চিঠি (লেটার অভ ইনটেন্ট) জমা দিতে হবে। যেসব পিতামাতা শিক্ষা বছর শুরু হবার পর হোমস্কুলে দেয়ার সিদ্ধান্ত নেন (অথবা যিনি স্কুল ডিস্ট্রিক্টে বসবাস শুরু করেন) তাদেরকে হোম স্কুল শুরু হবার 14 দিনের মধ্যে হোম স্কুলে দেয়ার অভিপ্রায়ের একটি চিঠি (লেটার অভ ইনটেন্ট) অবশ্যই জমা দিতে হবে।

এছাড়াও, স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহের যোগ্য হতে, কমিশনার অভ এডুকেশন-এর প্রবিধানের পার্ট 100.10 অনুবর্তিতায় একজন হোমস্কুলের শিক্ষার্থীর অবশ্যই একটি ব্যক্তিক বাড়ির শিক্ষা-নির্দেশনা পরিকল্পনা (ইন্ডিভিজুয়ালাইজড হোম ইনস্ট্রাকশন প্ল্যান, IHIP) থাকতে হবে। প্রত্যাবর্তনকারী হোমস্কুলের শিক্ষার্থীদের জন্য, IHIP-সমূহ 15 অগাস্ট, 2025 তারিখের মধ্যে জমা দিতে হবে। নতুন হোমস্কুল শিক্ষার্থীদের জন্য, অভিপ্রায়ের চিঠি (লেটার অভ ইনটেন্ট) জমা দেয়ার 28 দিনের মধ্যে IHIP-সমূহ জমা দিতে হবে।

আপনার সন্তানকে(দেরকে) হোমস্কুলে পড়ানো সম্পর্কে আরও তথ্যের জন্য, schools.nyc.gov/homeschooling দেখুন।

পিতামাতার অভিপ্রায়ের বিজ্ঞপ্তির জন্য শর্তাবলী

স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহের অনুরোধ সম্পর্কিত অভিপ্রায়ের বিজ্ঞপ্তি (প্যারেন্টাল নোটিস অভ ইনটেন্ট, PNI) নিচে উল্লেখিত আবশ্যিক উপাদানসহ কমিটি অন স্পেশাল এডুকেশন-এর (CSE) কাছে 1 জুন, 2027 তারিখে বা তার আগে পাঠাতে হবে।

- অভিপ্রায়ের বিজ্ঞপ্তি (নোটিস অভ ইনটেন্ট) অবশ্যই শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক, অথবা পরিবারের প্রতিনিধিত্বকারী অ্যাটর্নির জমা দিতে হবে। যদি পরিবারের পক্ষ থেকে কোনো অ্যাটর্নি সেটি জমা দেয়, তাহলে কলম-ও-কালি দিয়ে পিতামাতা স্বাক্ষর সহ 2027-28 শিক্ষা বছরের জন্য একটি গোপনীয়তা ত্যাগ (কনফিডেনশিয়ালিটি রিলিজ) অবশ্যই অন্তর্ভুক্ত হতে হবে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, কোনও বিগত শিক্ষা বছরের সাথে সম্পর্কিত ন্যায্য প্রক্রিয়ার ধাপসমূহে প্রতিনিধিত্ব অথবা অন্য প্রক্রিয়া, 2027-28 শিক্ষা বছরের জন্য আবশ্যিক গোপনীয়তা ত্যাগের (কনফিডেনশিয়ালিটি রিলিজ) স্থলাভিষিক্ত হবে না। একজন অ্যাটর্নি ছাড়া কোনো তৃতীয় পক্ষ থেকে গোপনীয়তার ত্যাগ (কনফিডেনশিয়ালিটি রিলিজ) সহ অথবা ছাড়া একটি অভিপ্রায়ের বিজ্ঞপ্তি (নোটিস অভ ইনটেন্ট) গৃহীত হবে না।
- অভিপ্রায়ের বিজ্ঞপ্তিতে (নোটিশ অভ ইনটেন্ট) অবশ্যই অন্তর্ভুক্ত হতে হবে:
 - শিক্ষার্থীর প্রথম ও শেষ নাম
 - শিক্ষার্থীর NYCID (যদি জানা থাকে)
 - জন্মতারিখ
 - বাড়ির ঠিকানা
 - পিতামাতার নাম
 - পিতামাতার ফোন নম্বর
 - পিতামাতার ইমেইল ঠিকানা
 - 2027-28 শিক্ষা বছরে শিক্ষার্থী যে গ্রেডে প্রবেশ করবে
 - 2027-28 শিক্ষা বছরে শিক্ষার্থী যে স্কুলে যাবে সেটার নাম
 - 2027-28 শিক্ষা বছরে শিক্ষার্থী যে স্কুলে যাবে সেটার ঠিকানা
 - 2027-28 শিক্ষা বছরে শিক্ষার্থী যে স্কুলে যাবে সেখানে যোগাযোগের ব্যক্তির নাম এবং ইমেইল ঠিকানা

আপনার সুবিধার জন্য, NYCPS পিতামাতার অভিপ্রায়ের বিজ্ঞপ্তির (প্যারেন্টাল নোটিস অভ ইনটেন্ট, PNI) একটি খসড়া নমুনা (টেমপ্লেট) তৈরি করেছে, যেটি আপনি ব্যবহার করতে পারেন। খসড়াটি (টেমপ্লেট) schools.nyc.gov/cse -এ 'Letter of Intent to Parentally Place - 2027-2028 School Year'-এর (পিতামাতা দ্বারা জমা দেয়া অভিপ্রায়ের চিঠি - 2027-2028 শিক্ষা বছর) অধীনে পাওয়া যাবে।

কোনো পরিবার যদি প্রতিনিধিত্বকারী একজন অ্যাটর্নি দ্বারা জমা না দিয়ে, ইমেইলের মাধ্যমে জমা দেয়, সেক্ষেত্রে অভিপ্রায়ের বিজ্ঞপ্তি শুধু গৃহীত হবে যদি পিতামাতা/অভিভাবক সরাসরি তার ইমেইল ঠিকানা ব্যবহার করে সেটি পাঠিয়ে থাকেন, এবং সেই ঠিকানাটি NYCPS-এর ফাইলে রয়েছে।

- যদি NYCPS-এর ফাইলে পিতামাতা/অভিভাবকের যে ইমেইল ঠিকানা রয়েছে সেই ইমেইল ঠিকানা থেকে সরাসরি অথবা উপরোল্লিখিত অনুযায়ী একজন অ্যাটর্নি দ্বারা জমা দেয়া না হয়, তবে অভিপ্রায়ের বিজ্ঞপ্তি (নোটিস অভ ইনটেন্ট) অবশ্যই পিতামাতা/অভিভাবক দ্বারা কলম-ও-কালি ব্যবহার করে স্বাক্ষরিত অথবা বৈদ্যুতিনভাবে-স্বাক্ষরিত (ই-সিগনেচার) হতে হবে। ডকুসাইন (DocuSign) ব্যবহার করলে ই-সিগনেচার (বৈদ্যুতিন স্বাক্ষর) শুধুমাত্র তখনই গৃহীত হবে যখন ডকুসাইন স্বাক্ষরসহ ইমেইলটি সরাসরি পরিবারের কাছ থেকে আসে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, একটি পরিবারের পক্ষে কাজ করতে কোনও আইনজীবিকে অনুমোদন দেয়া একটি স্বাক্ষরিত গোপনীয়তা ত্যাগ বা কনফিডেনশিয়ালিটি রিলিজটিতে অবশ্যই একটি কলম-ও-কালির স্বাক্ষর থাকতে হবে।
- যখন অভিপ্রায়ের বিজ্ঞপ্তি (নোটিস অভ ইনটেন্ট) ইমেইল করা হয়, CSE-তে ইমেইলের সাবজেক্টে (বিষয়ে) লিখতে হবে "Notice of Intent 2027-28 SY" (অভিপ্রায়ের বিজ্ঞপ্তি শিক্ষা বছর 2025-2026)।

CSE লিখিতভাবে নিশ্চিত করবে যে, PNI-টি গৃহীত হয়েছে অথবা উপরে উল্লেখিত শর্তসমূহ পূরণ করে একটি PNI জমা দেয়ার জন্য পরিবারকে অথবা পরিবারকে প্রতিনিধিত্বকারী একজন অ্যাটর্নিকে কৌশলগত সহায়তা প্রদান করবে।

পিতামাতার দ্বারা ভর্তি করা শিক্ষার্থীর তথ্য স্পেশাল এডুকেশন মূল্যায়ন 1 জুনের পর প্রাথমিক সুপারিশের জন্য পাঠানো হয়

- যেসব শিক্ষার্থীকে 1 জুন, 2026, এবং 1 এপ্রিল, 2027 তারিখের মধ্যে মূল্যায়নের জন্য প্রথম শনাক্ত করা হয়, তাদের পিতামাতাকে অবশ্যই ঐ প্রাথমিক শনাক্তকরণের 30 দিনের মধ্যে পরিষেবাসমূহের অনুরোধ জানাতে হবে। উপরে উল্লেখিত বিজ্ঞপ্তির শর্তসমূহ প্রযোজ্য। বর্তমান শিক্ষা বছরের 1 এপ্রিলে অথবা তার পরে যেকোনো অনুরোধ গৃহীত হবে, সেগুলোকে পরবর্তী শিক্ষা বছরের পরিষেবার জন্য যথাসময়ে করা হয়েছে বলে ধরা হবে।
- 1 এপ্রিল, 2027 থেকে 1 জুন, 2027 তারিখের মধ্যে যেসব শিক্ষার্থীর কোনও প্রতিবন্ধিতা আছে বলে শনাক্ত করা হয়েছে, তাদের 2027-28 শিক্ষা বছরের জন্য পরিষেবাসমূহের অনুরোধ অবশ্যই 1 জুন, 2027 তারিখের মধ্যে পেতে হবে। উপরে উল্লেখিত বিজ্ঞপ্তির শর্তসমূহ প্রযোজ্য।

আমার সন্তানের হোমস্কুল/নন-পাবলিক স্কুলের ডিস্ট্রিক্ট শনাক্তকরণ

আপনার 'পিতামাতার অভিপ্রায়ের বিজ্ঞপ্তি' (প্যারেন্টাল নোটিস অভ ইনটেন্ট) কোন CSE-কে অবশ্যই পেতে হবে তা জানতে, অনুগ্রহ করে [নিউ ইয়র্ক সিটি জিওগ্রাফিক অনলাইন অ্যাড্রেস ট্রান্সলেটর \(GOAT\)](#) দেখুন। পেজের বাঁ পাশে 'ADDRESS FUNCTIONS'-এর (ঠিকানা বিষয়ক বৈশিষ্ট্য) অধীনে, 'FUNCTION 1B'-এ ক্লিক করে, আপনার নন-পাবলিক স্কুল অথবা হোমস্কুলের ঠিকানা টাইপ করুন, এবং তারপর নিচে স্ক্রল 'City Service information' (সিটি পরিষেবা বিষয়ক তথ্য) অংশে আসুন, যেখানে আপনি

'School District' (স্কুল ডিস্ট্রিক্ট) দেখতে পাবেন। CSE-এর সাথে যোগাযোগের তথ্যসহ স্কুল ডিস্ট্রিক্ট অনুযায়ী আপনার CSE খুঁজে নিতে অনুগ্রহ করে www.schools.nyc.gov/cse -এ, 'Identifying my Committee on Special Education section' (আমার কমিটি অন স্পেশাল এডুকেশন সেকশন শনাক্তকরণ) দেখুন।

আমার কমিটি অন স্পেশাল এডুকেশন শনাক্তকরণ (অবস্থানের ডিস্ট্রিক্ট)

প্রতিটি CSE-এর অধীনস্থ স্কুল ডিস্ট্রিক্টসহ CSE-সমূহের যোগাযোগের তথ্য নিচে দেয়া হলো। একাধিক CSE-তে অথবা আপনার প্রাইভেট স্কুল যে CSE-এর সাথে সংশ্লিষ্ট নয় সেখানে অভিপ্রায়ের বিজ্ঞপ্তি পাঠানোর ফলে আপনার পিতামাতার অভিপ্রায়ের বিজ্ঞপ্তি (প্যারেন্টাল নোটিস অভ ইনটেন্ট) প্রক্রিয়াকরণে বিলম্ব হতে পারে।

□ CSE 1 (ডিস্ট্রিক্ট 7, 9, 10) ইমেইল: CSE1PNI@schools.nyc.gov ঠিকানা: 1 Fordham Plaza, 7th Floor Bronx, New York 10458 □ CSE 2 (ডিস্ট্রিক্ট 8, 11, 12) ইমেইল: CSE2PNI@schools.nyc.gov ঠিকানা: 3450 E. Tremont Avenue, 2nd Fl. Bronx, New York 10465 □ CSE 3 (ডিস্ট্রিক্ট 25, 26, 28, 29) ইমেইল: CSE3PNI@schools.nyc.gov ডিস্ট্রিক্ট 25 ও 26-এর ঠিকানা 30-48 Linden Place Flushing, New York 11354 ডিস্ট্রিক্ট 28 ও 29-এর ঠিকানা 90-27 Sutphin Boulevard Jamaica, New York 11435	□ CSE 5 (ডিস্ট্রিক্ট 19, 23, 32) ইমেইল: CSE5PNI@schools.nyc.gov ঠিকানা: 1665 St. Marks Avenue Brooklyn, New York 11233 □ CSE 6 (ডিস্ট্রিক্ট 17, 18, 22) ইমেইল: CSE6PNI@schools.nyc.gov ঠিকানা: 5619 Flatlands Avenue Brooklyn, New York 11234 □ CSE 7 (ডিস্ট্রিক্ট 20, 21) ইমেইল: CSE7PNI@schools.nyc.gov ঠিকানা: 415 89th Street Brooklyn, New York 11209 □ CSE 8 (ডিস্ট্রিক্ট 13, 14, 15, 16) ইমেইল: CSE8PNI@schools.nyc.gov ঠিকানা: 131 Livingston Street, 4th Floor Brooklyn, New York 11201 □ CSE 9 (ডিস্ট্রিক্ট 1, 2, 4) ইমেইল: CSE9PNI@schools.nyc.gov ঠিকানা: 333 7th Avenue, 4th Floor New York, New York 10001
---	--

□ CSE 4 (ডিস্ট্রিক্ট 24, 27, 30) ইমেইল: CSE4PNI@schools.nyc.gov ডিস্ট্রিক্ট 24 ও 30-এর ঠিকানা 28-11 Queens Plaza North, 5th Floor Long Island City, New York 11101 ডিস্ট্রিক্ট 27-এর ঠিকানা 82-01 Rockaway Boulevard. 2nd Floor Ozone Park, New York 11416	□ CSE 10 (ডিস্ট্রিক্ট 3, 5, 6) ইমেইল: CSE10PNI@schools.nyc.gov ঠিকানা: 388 West 125th Street New York, New York 10027 □ CSE 11 (ডিস্ট্রিক্ট 31) ইমেইল: CSE11PNI@schools.nyc.gov ঠিকানা: 715 Ocean Terrace, Building A Staten Island, New York 10301
--	---

একটি নন-পাবলিক এলিমেন্টারি অথবা সেকেন্ডারি স্কুল ব্যতীত অন্য স্কুলে ভর্তি

অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, NYCPS-এর ব্যবস্থাপনায় স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহ শুধুমাত্র হোমস্কুল অথবা নন-পাবলিক এলিমেন্টারি এবং সেকেন্ডারি স্কুলে নথিভুক্ত (এনরোল) শিক্ষার্থীদের জন্য পরিবারের খরচে পাওয়া যাবে। যেসব শিক্ষার্থী একটি প্রিস্কুল প্রোগ্রাম, পাবলিক স্কুল, অথবা চার্টার স্কুলে পড়ছে তারা একটি IESP অনুযায়ী স্পেশাল এডুকেশন পরিষেবার জন্য যোগ্য নয়।

2027-28 শিক্ষা বছরের জন্য দেহিতে জমাদান

2027-28 শিক্ষা বছরের জন্য NYCPS-এর জন্য আপনার অভিপ্রায়ের বিজ্ঞপ্তি (নোটিস অভ ইনটেন্ট) গ্রহণের 1 জুন, 2027 সময়সীমা কঠোরভাবে কার্যকর করা হবে। যদি আপনার অভিপ্রায়ের বিজ্ঞপ্তি (নোটিস অভ ইনটেন্ট) 1 জুন, 2027 তারিখের মধ্যে না পাওয়া যায়, তবে আপনার সন্তান 2027-28 শিক্ষা বছরে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ থেকে স্পেশাল এডুকেশন পরিষেবা লাভ করার যোগ্য হবে না।